## আলোচ্য বিষয়ঃ

১। গত সভার সিদ্ধান্তসমূহ অনুমোদন প্রসঙ্গে।

২। ১১ নং হরিপুর ইউনিয়ন সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে।

৩। গ্রাম আদালতের মামলা নিস্পত্তি প্রসঙ্গে।

৪। বিবিধ।

অদ্যকার সভায় হরিপুর ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ মোজাহারুল ইসলাম সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**১ নং আলোচ্য বিষয় ঃ** সভায় গত সভার কার্যবিবরনী পঠিত হয়। পঠিত কার্যবিবরনী কোন সংশোধনী না থাকায় সর্বসম্মত ভাবে অনুমোদন লাভ করে ।

**২ নং আলোচ্য বিষয় ঃ-** সভায় সভাপতি সাহেব জানান যে হরিপুর ইউনিয়নের সার্বিক আইন- শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে খুবই ভলো। অত্র ইউনিয়নের কোথাও আইন- শৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটে নি। আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি যাতে না ঘটে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে সকলকে মূলবান মতামত প্রদানের জন্য আহব্বান করেন।

০২ নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ আঃ রহিম মিয়া বলেন যে, বর্তমানে তারা নির্বাচিত এলাকার আইন- শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তার ওয়ার্ডে কোন বিশৃঙ্খলা যেন সৃষ্টি না হয় সে ব্যাপারে তিনি সতর্ক রয়েছেন।

০৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ বাবলু মন্ডল বলেন যে, তার নির্বাচিত ওয়ার্ডে আইন- শৃঙ্খলা পরিস্থিতি খুবই ভলো। তিনি আরো জানান যে, আইন- শৃঙ্খলা পরিস্থিতির যতে কোন অবনতি না ঘটে এ ব্যাপারে গ্রাম পুলিষকে সতর্ক থাকার আহব্বান করেন।

**০৩ নং আলোচ্য বিষয় ঃ** সভাপতি সাহেব সভাকে জানান যে, অত্র ইউনিয়নের গ্রাম আদালত অত্যান্ত সক্রিয় এবং কার্যক্রম অত্যান্ত সন্তোষজনক। তিনি আরো জানান যে, গত মাসে সর্ব মোট ০৯ টি মামলার মধ্যে ০১ টি নিস্পত্তি করা হয়েছে এবং ০৮ টি মামলা চলমান রয়েছে। তিনি চলমান মামলাগুলো দ্রুত নিস্পত্তি করার আশাবাদ ব্যক্ত করেন এবং সকল সদস্যকে এ ব্যাপারে আরো গুরুত্বারোপ এবং সহযোগীতা করার আহব্বান করেন। সভায় গ্রাম আদালত সম্পর্কে জন সাধারনকে আরো সচেতন করতে লিফলেট বিতরণ ও ওয়ার্ড সভায় বিস্তারিত তুলে ধরার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ জহুরুল ইসলাম জানান যে, বাল্য বিবাহ না হলেও ভবিৎষতে যাতে না হয় এ ব্যাপারে তিনি আরো জনসচেতনতা বাড়ানোর কথা উল্লেখ করেন। সভায় সর্বসম্মতক্রমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে র‍্যালি ও লিফলেট বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

মইসলাম
/02/28
সভাপতি

মোঃ মোজাহারুল ইসলাম
চেয়ারম্যান
১১নং হরিপুর ইউনিয়নপরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।